দৈনিক
আমাদের সময়

তারিখ 2 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ইবির প্রথম দিনের ভর্তি পরীক্ষা সম্পন্ন

ইবি প্রতিনিধি •

নিশ্ছিদ্র নিরাপত্তা ও শান্তিপূর্ণ পরিবেশের মধ্য দিয়ে কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের অনার্স প্রথম বর্ষের প্রথম দিনের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। গতকাল শুক্রবার প্রথম শিফটে সকাল ৯টা থেকে 'এফ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর পর বেলা ১১টা থেকে দুপুর ১২টা ও বিকাল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা শিফটে 'ই' ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে প্রথম দিনের পরীক্ষা সম্পন্ন হয়। পরীক্ষা চলাকালে কেন্দ্র পরিদর্শন করেন ভিসি প্রফেসর ড. হারুন-উর-রশিদ আসকারী, প্রোভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. সেলিম তোহা, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এসএম আব্দুল লতিফ প্রমুখ। এ বিষয়ে ভিসি প্রফেসর ড. হারুন-উর-রশিদ আসকারী বলেন, শান্তিপূর্ণ পরিবেশে প্রথম দিনের পরীক্ষা সম্পন্ন হয়েছে। আজকের মতো সবার সহযোগিতা পেলে আগামী পরীক্ষাগুলোও ভালোভাবে সম্পন্ন করা সম্ভব।